সংবাদ

তারিখ ... 08 NOV 2016 ...
পৃষ্ঠা ...১৬... কলাম ...৬......

বঙ্গবন্ধু মেডিকেল ভার্সিটি

# এমডি এমএস কোর্সে ভর্তি : ৯শ আসনের বিপরীতে ১০ হাজার প্রার্থী

নিজস্ব বার্তা পরিবেশক

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে এমডি এমএস কোর্সে ভর্তি পরীক্ষা আগামী ১১ নভেম্বর শুক্রবার অনুষ্ঠিত হবে। সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত (৩ ঘণ্টা) এই পরীক্ষা অনুষ্ঠিত হবে। ভার্সিটির ৪টি অনুষদে ৫৬টি বিভাগে ৯০০ আসনের বিপরীতে এবার সর্বোচ্চ ১০ হাজার শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করবেন। প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) ও ইডেন কলেজ কেন্দ্রে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এবার প্রথম ভর্তি পরীক্ষায় বিভিন্ন অনুষদের ডিনদের গুরুত্বপূর্ণ দায়িত্ব দেয়া হয়েছে। আর বিভিন্ন বিভাগে চিকিৎসা বিজ্ঞানে উচ্চশিক্ষার সুযোগ বাড়ছে। শান্তিপূর্ণভাবে পরীক্ষা নেয়ার জন্য বিশ্ববিদ্যালয় প্রশাসন সব ব্যবস্থা করেছেন।

মেডিকেল বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি শিক্ষা প্রফেসর ডা. জাকারিয়া স্বপন বলেন, মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধীনে মেডিকেল কলেজ, বিশেষায়িত হাসপাতাল ও ইনস্টিটিউটসহ ৪২টি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। ওই সব প্রতিষ্ঠানের সিনিয়র শিক্ষকরা এবার পরীক্ষার হলে পর্যবেক্ষক হিসেবে এমডি : পৃষ্ঠা : ২ ক : ৬

## এমডি : এমএস

(১৬ পৃষ্ঠার পর)

দায়িত্ব পালন করবেন। আগে মেডিকেল ভার্সিটির বিভিন্ন অনুষদে ৪৬টি বিভাগ ছিল। এবার নতুন করে আরও ১০টি বিভাগ চালু করা হয়েছে। মেডিকেল শিক্ষার মান আন্তর্জাতিক মানের করার জন্য সব ধরনের পদক্ষেপ নেয়া হয়েছে তিনি জানান।